**AKASHVANI (Kolkata)**

**Regional News Unit**

**Date: 07-11-2025** **Desk in Charge : KL**
**Time : 1-30 PM** **Compiling : Prabal B. / NBR**
**DEO : KB** **NRT : Prabal Banerjee**

**Announcement :-** আকাশবাণী / খবর পড়ছিঃ-

## বিশেষ বিশেষ খবরঃ-

১) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী বলেছেন, 'বন্দে-মাতারম' হল একটি মন্ত্র, একটি শক্তি, একটি স্বপ্ন এবং একটি সংকল্প। আজ তিনি নতুন দিল্লীতে জাতীয় স্তোত্র বন্দে-মাতারম রচনার ১৫০ বছর পূর্তি উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠানের সূচনা করেন।

# রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু এবং উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান, আজ এই উপলক্ষ্যে শ্রদ্ধা জ্ঞাপন করেছেন।

২) বিহার বিধানসভা নির্বাচনে দ্বিতীয় তথা চূড়ান্ত দফার প্রচারাভিযান জোর কদমে চলছে। NDA ও মহাজোটের নেতৃবৃন্দ বিভিন্ন জায়গায় জনসভা ও র‍্যালিতে অংশ নিচ্ছেন।

৩) প্রধানমন্ত্রী আজ সন্ধ্যায় বারানসী পৌঁছবেন। আগামীকাল তিনি চারটি 'বন্দেভারত এক্সপ্রেস' ট্রেনের যাত্রার সূচনা করবেন।

৪) হ্যারিকেন মেলিসায় বিপর্যস্ত জামাইকা-য় ভারত মানবিক সাহায্য পাঠিয়েছে।

৫) ভারতীয় হকির শতবর্ষ উপলক্ষ্যে নতুন দিল্লীতে ক্রীড়ামন্ত্রী একাদশ বনাম হকি ইন্ডিয়া একাদশের এক প্রদর্শনী ম্যাচ অনুষ্ঠিত হয়।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ নতুন দিল্লীতে জাতীয় স্তোত্র বন্দে মাতারমের ১৫০ বছর পূর্তি উপলক্ষে বর্ষব্যাপী অনুষ্ঠানের সূচনা করেছেন।

( ইনসার্ট- গান )

এই উপলক্ষে প্রধানমন্ত্রী একটি স্মারক ডাকটিকিট ও মুদ্রা প্রকাশ করেন। vandemataram150.in পোর্টালেরও সূচনা করেন প্রধানমন্ত্রী। এই পোর্টালের মাধ্যমে নাগরিকরা এই স্তোত্র গেয়ে এই ভিডিও আপলোড করতে পারবেন এবং একটি শংসাপত্র লাভ করবেন।

জাতীয় রাজধানী অঞ্চলের ইন্দিরা গান্ধী ইন্ডোর স্টেডিয়ামে আয়োজিত এক অনুষ্ঠানে প্রধানমন্ত্রী মোদী বলেন, বন্দেমাতরম হলো একটি মন্ত্র, একটি শক্তি একটি স্বপ্ন এবং একটি সঙ্কল্প। বন্দেমাতরমকে ভারতমাতার প্রতি ভক্তি ও আরাধনা হিসেবে উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, এই মন্ত্র ইতিহাসে ফিরিয়ে নিয়ে যাওয়ার পাশাপাশি বর্তমানকে আত্মবিশ্বাস যোগায় এবং ভবিষ্যতের জন্য সাহস সঞ্চার করে। বিশ্বাস করতে শেখায় যে এমন কোনো স্বপ্ন নেই যা অর্জন করা যায় না। প্রধানমন্ত্রী বলেন, বন্দে মাতরমের মূল ভাবনা হলো- ভারতমাতা।

( বাইট- মোদী বন্দেমাতরম মরাল )

প্রধানমন্ত্রী বলেন, গুরুদেব রবীন্দ্রনাথ ঠাকুর একবার বলেছিলেন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের আনন্দমঠ শুধুমাত্র কোনো উপন্যাস নয়। আত্মনির্ভর ভারত গঠনের এক স্বপ্ন। বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় রচিত এই উপন্যাসের প্রতিটি শব্দের গভীর অর্থ রয়েছে। যুগে যুগে এই স্তোত্র প্রাসঙ্গিক হয়ে থাকবে। ১৯২৭ সালে গান্ধীজী এক অখন্ড ভারতের চিত্র হিসেবে বন্দেমাতরমকে বর্ণনা করেছিলেন বলেও শ্রী মোদী জানিয়েছেন।

( বাইট- মোদী বন্দে মাতরম্ গান্ধী )

দিল্লীর উপরাজ্যপাল বিনয় কুমার সাক্সেনা, কেন্দ্রীয় সংস্কৃতি ও পর্যটন মন্ত্রী গজেন্দ্র সিং শেখাওয়াত, দিল্লীর মুখ্যমন্ত্রী রেখা গুপ্তা অনুষ্ঠানে যোগ দেন। শ্রী শেখাওয়াত বলেন, স্বাধীনতা সংগ্রামীদের হৃদয়ে বন্দেমাতরমের চেতনা বিপ্লবী অনুভূতির সঞ্চার করেছিল। অন্তিম মুহূর্ত পর্যন্ত তাঁরা এই স্তোত্রকে স্মরণ করে গেছেন। এই স্তোত্র তার প্রাসঙ্গিকতাকে বজায় রেখে এক ভারত শ্রেষ্ঠ ভারতের মন্ত্র হিসেবে প্রেরণা যোগাচ্ছে।

উল্লেখ্য, আজকের এই বিশেষ দিনে সমাজের বিভিন্ন স্তরের মানুষ পূর্ণাঙ্গ বন্দেমাতরম স্তোত্রটির পূর্ণাঙ্গরূপ পাঠ করছে্ন। পরিবেশিত হচ্ছে বন্দেমাতরম গানটিও। ১৮৭৫ সালের ৭ই নভেম্বর অক্ষয় নবমীর দিন বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় হুগলীর চুঁচুড়ায় রচনা করেন। সাহিত্য পত্রিকা বঙ্গদর্শনের প্রথম প্রকাশিত হয়েছিল আনন্দমঠ উপন্যাসটি।

( বাইট- অমিত শাহ )

***************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ বন্দেমাতরম সংগীতের সার্ধ শততম বর্ষপূর্তি উপলক্ষ্যে শ্রদ্ধা জ্ঞাপন করেছেন। এক সামাজিক পোস্টে রাষ্ট্রপতি মুর্মু  বলেন, বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় ঊনবিংশ শতাব্দীতে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সন্ন্যাসী বিদ্রোহের প্রেক্ষাপটে এই অবিস্মরণীয় গান বন্দেমাতরম রচনা করেন। ১৯০৫ সালে স্বদেশী আন্দোলনের সময় এই গান প্রেরণা হয়ে উঠেছিল। রাষ্ট্রপতি বলেন সেই থেকে এই গান ভারত মাতার প্রতি শ্রদ্ধা নিবেদন করতে, এক আবেগের প্রকাশ ও দেশবাসীর সংহতির প্রতীক হয়ে উঠেছে এবং তা ভবিষ্যতে জাগরুক থাকবে। এই উপলক্ষ্যে দেশমাতৃকাকে সুজলা সুফলা ও উন্নত দেশ হিসেবে গড়ে তোলার শপথ নিতে রাষ্ট্রপতি দেশবাসীর প্রতি আহ্বান জানান।

***************************

উপরাষ্ট্রপতি সি ভি রাধাকৃষ্ণান বন্দে মাতরম স্তোত্রের সার্ধ শতবর্ষ পূর্তি উপলক্ষে শ্রদ্ধা নিবেদন করেছেন। এক সামাজিক বার্তায় রাধাকৃষ্ণান বলেন, বন্দেমাতরাম এক কালজয়ী গান, যা জাতীয়তাবোধকে উদ্দীপ্ত করেছিল এবং বিভিন্ন প্রজন্মকে তা প্রেরণা দিয়ে চলেছে। তিনি এই স্তোত্রকে শক্তি, উন্নতি ও আধ্যাত্মিকতার প্রতীক বলে বর্ণনা করেছেন।

****************************

বন্দেমাতরামের সার্ধ শতবর্ষ পূর্তি উপলক্ষে পুদুচেরি সরকারের শিল্প ও সংস্কৃতি দপ্তর, কলাইরঙ্গম কম্বানে এক সমবেত সঙ্গীতের আয়োজন করে। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উপরাজ্যপাল কে কৈলাস নাথন, মুখ্যমন্ত্রী এন রঙ্গস্বামী, অধ্যক্ষ আর. সেলভাম ও বহু শীর্ষ আধিকারিক বৃন্দ। অনুষ্ঠান মঞ্চ থেকে নতুনদিল্লীতে প্রধানমন্ত্রী নেরন্দ্র মোদীর পৌরোহিত্যে সমবেতভাবে যে বন্দেমাতরম গাওয়া হয়, তা লাইভ স্ট্রিমিং-এর মাধ্যমে শোনানো হয়েছে। পুদুচেরি, করাইকল, ইয়ানাম ও মাহেতে বিভিন্ন স্কুল, কলেজ, সরকারি দপ্তর ও অন্যান্য প্রতিষ্ঠানেও বন্দে মাতরম গাওয়া হয়।

****************************

বন্দেমাতরমের সার্ধশতবর্ষ এই উপলক্ষ্যে পশ্চিমবঙ্গে বিজেপি, নানা কর্মসূচি গ্রহণ করেছে। সূচনা হবে একমাস ব্যাপি কর্মসূচির। বিকেল ৫'টায় রাজ্যের প্রতিটি মন্ডলে পূর্ণাঙ্গ বন্দেমাতরম্ গাওয়া হবে বলে রাজ্য বিজেপি সভাপতি শমীক ভট্টাচার্য জানিয়েছেন। পাশাপাশি প্রজ্জ্বলিত করা হবে ১৫০ টি প্রদীপ। দলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক সুনীল বনসল, কেন্দ্রীয় মন্ত্রী ভূপেন্দ্র যাদব, প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার সহ দলের নেতারা বিভিন্ন জেলায় এই উপলক্ষ্যে আয়োজিত অনুষ্ঠানে যোগ দেবেন। হুগলীর চুঁচুড়ার জোড়াঘাটে বন্দেমাতরমের রচনাস্থলের ভবনটিতে আয়োজন করা হয়েছে বিশেষ অনুষ্ঠানের।

উত্তর ২৪ পরগণার **নৈহাটির বঙ্কিম ভবন** গবেষণা কেন্দ্র এবং সংগ্রহশালায় একটি বিশেষ অনুষ্ঠানের আয়োজন করা হচ্ছে বলে রাজ্য বিজেপির মুখপাত্র দেবজিৎ সরকার এক সাংবাদিক বৈঠকে জানিয়েছেন।

**রাজ্য সরকার**'ও বন্দে মাতরম্-এর সার্ধ শতবর্ষ উপলক্ষ্যে একটি উদ্‌যাপন কমিটি গঠনের কথা ঘোষণা করেছে।

এই উপলক্ষ্যে সল্টলেকে বিজেপির কার্যালয়ে উপস্থিত ছিলেন দলের রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্য। সল্টলেকের পি এম শ্রী কেন্দ্রীয় বিদ্যালয়ে শিক্ষার্থীদের সঙ্গে সম্মিলিত বন্দেমাতরম গানে অংশ নেন কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার।

***************************

বিহার বিধানসভা নির্বাচনের দ্বিতীয় দফার ভোটগ্রহনের জন্য প্রচারাভিযান জোরকদমে চলছে। এনডিএ এবং মহাজোটের তারকা নেতারা ভোটারদের মন জয়ে মিটিং মিছিল জনসভা করছেন। সীমাচল, মগধ, শাহাবাদ এবং চম্পারন এলাকায় নেতা কর্মীরা প্রচার চালাচ্ছেন। শীর্ষ বিজেপি নেতা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ঔরঙ্গাবাদ এবং কাইমুর জেলায় দুটি জনসভা করবেন। কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়্‌গে গয়া এবং রোহতাসে দুটি র‍্যালীতে অংশ নেবেন। মহাজোটের মুখ্যমন্ত্রী পদপ্রার্থী তেজস্বী যাদব আজ পূর্ণিয়া, আরারিয়া সহ একাধিক এলাকায় ১৮ টি জনসভা করছেন।

উল্লেখ্য, রাজ্যে দ্বিতীয় দফায় ২০ টি জেলার ১২২ টি আসনে আগামী ১১ই নভেম্বর ভোটগ্রহন। প্রথম পর্বের ভোটগ্রহণে রেকর্ড ৬৪ দশমিক ৬৬ (ছয় ছয়) শতাংশ ভোট পড়েছে। গণনা ১৪ নভেম্বর।

***************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ সন্ধ্যায় বারানসী পৌঁছবেন। বিমানবন্দরে তাঁকে স্বাগত জানাবেন উত্তরপ্রদেশের রাজ্যপাল আনন্দীবেন প্যাটেল ও মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। প্রধানমন্ত্রী আগামীকাল সকালে ভার্চুয়ালি চারটি বন্দেভারত এক্সপ্রেসের যাত্রা সূচনা করবেন। এর মধ্যে রয়েছে বারানসী-খাজুরাহ, লক্ষ্ণৌ-সাহারানপুর, ফিরোজপুর-দিল্লী এবং এরনাকুলাম-বেঙ্গালুরু বন্দেভারত এক্সপ্রেস।

বারানসী-খাজুরাহ বন্দেভারত এক্সপ্রেস, এই দুটি স্থানের মধ্যে সরাসরি সংযোগ স্থাপন করবে এবং এর ফলে যাত্রাপথ ২ ঘন্টা ৪০ মিনিট কমবে। এই ট্রেনটি বারানসী, প্রয়াগরাজ, চিত্রকুট, খাজুরাহের মত ধর্মীয় ও সাংস্কৃতিক স্থানগুলির মধ্যে যোগোযোগ স্থাপন করবে।

অন্যদিকে, লক্ষ্ণৌ সাহারনপুর বন্দেভারত এক্সপ্রেস ৭ ঘন্টা ৪৫ মিনিটের মধ্যে যাত্রা সমাপ্ত করবে এবং এক ঘন্টা সময় কমাবে। লক্ষ্ণৌ, সীতাপুর, শাহজাহানপুর, বেরেলি, মোরাদাবাদ ও সাহারানপুরের যাত্রীরা নতুন এই বন্দেভারত ট্রেনের ফলে উপকৃত হবেন।

**************************

রিজার্ভ ব্যাঙ্কের গভর্নর সঞ্জয় মালহোত্রা বলেছেন, ভারতীয় ব্যাঙ্কগুলি এক দশক আগের তুলনায় অনেক বেশী পরিণত হয়ে উঠেছে। মুম্বাইতে, 'স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া ব্যাঙ্কিং অ্যান্ড ইকোনমিক্স কনক্লেভ-২০২৫'-এ গভর্নর বলেন, স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়া, ২০১৮ সালে ক্ষতিতে চলছিল। বর্তমানে তা' ১০০ বিলিয়ান ডলার লাভে চলা সংস্থায় পরিণত হয়েছে।

**************************

সুদানে আধাসামরিক র‍্যাপিড সাপোর্ট ফোর্সেস(RSF) মার্কিন যুক্তরাষ্ট্র প্রস্তাবিত মানবিক যুদ্ধবিরতিতে সম্মত হয়েছে। এর ফলে সুদানের সামরিক বাহিনীর সঙ্গে গত দুবছরের সংঘাত স্তিমিত হবে বলেই মনে করা হচ্ছে।

ওই দেশের দারুফুর অঞ্চলের এল-ফাশের শহর দখল করার পরেই RSF এই ঘোষণা করে। সৌদি আরব, মিশর ও সংযুক্ত আরব আমিরশাহির একটি যৌথ দল মার্কিন যুক্তরাষ্ট্রের নেতৃত্বে এই শান্তিচুক্তি প্রস্তাব করে।

মানবাধিকারের বিষয়টি লক্ষ্য রাখতে এবং নাগরিকদের ত্রাণ বণ্টনের সুযোগ করে দেওয়ার জন্যই এই বিরতি বলে জানিয়েছে RSF। যদিও, সুদানের সেনাশাসিত সরকার এবিষয়ে এখনও পর্যন্ত কোনও মন্তব্য করেনি।

উল্লেখ্য, ২০২৩ সালের এপ্রিল মাসে এই গৃহযুদ্ধ শুরু হয়।

***************************

হ্যারিকেন মেলিসায় বিপর্যস্ত জামাইকা-য় ভারত মানবিক সাহায্য পাঠিয়েছে। এক সোশ্যাল মিডিয়া পোস্টে জামিকায় ভারতের হাইকমিশন জানিয়েছে, গতকাল ভারতীয় বিমান বাহিনীর একটি বিমান, জামাইকায় ২০ টন ত্রাণ সাহায্য নিয়ে গেছে। এই ত্রাণের মধ্যে রয়েছে বিশেষ মেডিক্যাল ট্রমা ইউনিট'ও। বিধ্বংসী ঝড় পরবর্তী সময়ে জামাইকাবাসীকে মানুষকে সাহায্য করতে ভারত অন্যান্য জরুরী সামগ্রী'ও পাঠিয়েছে।

***************************

নিউজিল্যান্ড সফরের দ্বিতীয় দিনে গতকাল কেন্দ্রীয় মন্ত্রী পীযূষ গোয়েল বাণিজ্য, বিনিয়োগ, যোগাযোগ এবং সাংস্কৃতিক আদানপ্রদানের বিষয়ে উচ্চ স্তরের এক বৈঠকে যোগ দেন। শ্রী গোয়েল ও নিউজিল্যান্ডের বাণিজ্য মন্ত্রী টড ম্যাক্লে যৌথভাবে ভারত নিউজিল্যান্ড CEO-দের গোলটেবিল বৈঠকে পৌরোহিত্য করেন। শ্রী গোয়েল প্রযুক্তি,

কৃষি, শিক্ষা, পরিবেশবান্ধব শক্তি, পর্যটন ও স্থিতিশীলতার বিষয়ে উভয় দেশের কৌশলগত অংশীদারিত্ব দৃঢ় করার কথা বলেন। উভয় দেশের অর্থনৈতিক বৃদ্ধির লক্ষ্যে দুই দেশের একসঙ্গে চলার কথা বলেন উভয় নেতাই। রোটোরুয়া যাওয়ার পথে শ্রী গোয়াল, এয়ার নিউজিল্যান্ডের CEO নিখিল রবিশঙ্করের সঙ্গে আঞ্চলিক ও আন্তর্জাতিক যোগাযোগ ব্যবস্থা নিয়ে বৈঠক করেন। তে পুইয়াতে জাতীয় মাওরি সংস্কৃতি ও কলা কেন্দ্রে, বাণিজ্য মন্ত্রীকে ঐতিহ্যবাহী মাওরি পাওহিরি দিয়ে সংবর্ধিত করা হয়।

***************************

ভারতীয় হকির শতবর্ষ উপলক্ষ্যে নতুন দিল্লীতে ক্রীড়ামন্ত্রী একাদশ বনাম হকি ইন্ডিয়া একাদশের এক প্রদর্শনী ম্যাচ অনুষ্ঠিত হয়। এই ম্যাচে কেন্দ্রীয় যুব ও ক্রীড়া মন্ত্রী মনসুখ মান্ডবিয়া, সংসদ বিষয়ক মন্ত্রী কিরেণ রিজেজু সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তি বর্গ অংশগ্রহণ করেন। অতীত দিনের ভারতীয় হকি তারকা খেলোয়াড়রা এই ম্যাচ দেখতে উপস্থিত ছিলেন। ক্রীড়া মন্ত্রী একাদশ এই খেলায় ৩-১ গোলে জয়লাভ করে।

ইন্ডিয়া হকি ফেডারেশন ১৯২৫ সালের ৭ ই নভেম্বর স্থাপিত হয়েছিল, যা ২০০৯ সালে হকি ইন্ডিয়া নামে স্বীকৃতি লাভ করে।

এই অনুষ্ঠানের অংশ হিসেবে সারাদেশের ৫ শো ৫০ টি জেলায় ১ হাজার ৪ শোরও বেশি ম্যাচ অনুষ্ঠিত হচ্ছে।

উল্লেখ্য, ভারতের হকি দল আটবার অলিম্পিকে স্বর্ণপদক জিতেছে।

***************************

ভারতীয় আবহাওয়া দপ্তর, মধ্যভারতে আগামী ৪৮ ঘন্টায় দুই থেকে চার ডিগ্রী তাপমাত্রা হ্রাস পাওয়ার পূর্বাভাষ দিয়েছে। আজ তামিলনাড়ু, পুদুচেরী ও কড়াইকালের কয়েকটি জায়গায় ভারী বৃষ্টির পূর্বাভাষ দিয়েছে আবহাওয়া দপ্তর। এদিকে, দিল্লীর

জাতীয় রাজধানী অঞ্চলে বাতাসের গুণমান আজও অত্যন্ত খারাপ বলে জানানো হয়েছে।

**************************

জলবায়ু পরিবর্তনের মতো সমস্যার নিরসনে ভিন্ন মত ও মার্কিন সকারের জলবায়ু নীতিতে উদ্বেগ প্রকাশ করে বিশ্ব নেতারা আজ ব্রাজিলের বেলামে জলবায়ু সম্মলনে অংশ নিচ্ছেন। Cop 30 সম্মেলনের আগে রাষ্ট্র সংঘের মহা সচিব আন্তেনিও গুতেরেস বিশ্ব উষ্ণায়নের মাত্রা ১ দশমিক ৫ ডিগ্রির মধ্যে বেঁধে রাখার লক্ষ্যে আরও বিস্তৃত প্রয়াসের অনুরোধ জানিয়েছেন। অ্যামাজন নদীর উৎস মুখে অবস্থিত বেলাম এবারে সম্মেলনের আয়োজন করছে। প্রায় ৫০ হাজার প্রতিনিধি এ মাসের ১০ থেকে ২১ তারিখ জলবায়ু শীর্ষক সম্মেলনে অংশ নিচ্ছেন। রাজনৈতিক নেতৃবৃন্দ ছাড়াও গবেষক, বিজ্ঞানী এবং পরিবেশবিদরা সম্মেলনে তাঁদের বক্তব্য তুলে ধরবেন।

*********************************************************************